

রহমান রহীম আল্লাহ তায়ালার নামে

- ০৮১-১ যখন সূর্যকে গুটিয়ে ফেলা হবে,
- ০৮১-২ যখন তারাগুলো সব খসে পড়বে,
- ০৮১-৩ যখন পর্বতমান্নাকে (আপন স্থান থেকে) সরিয়ে দেয়া হবে,
- ০৮১-৪ যখন দশ মাসের গর্ভবতী উটনীকে (নিজের অবস্থার ওপর) ছেড়ে দেয়া হবে,
- ০৮১-৫ যখন হিংস্র জন্তুগুলোকে এক জায়গায় জড়ো করা হবে,
- ০৮১-৬ যখন সাগরসমূহকে (আগুন দ্বারা) প্রজ্বলিত করা হবে,
- ০৮১-৭ যখন (কবর থেকে উত্থিত) প্রাণসমূহকে (তাদের নিজ নিজ) দেহের সাথে জুড়ে দেয়া হবে,
- ০৮১-৮ যখন সদ্যপ্রসূত মেয়েটি ডিজ্ঞাসিত হবে-
- ০৮১-৯ কোন অপরাধে তাকে হত্যা করা হতোছিলো,
- ০৮১-১০ যখন আমনের নথিপত্র খোলা হবে,
- ০৮১-১১ যখন আসমান খুলে দেয়া হবে,
- ০৮১-১২ যখন জাহান্নাম প্রজ্বলিত করা হবে,
- ০৮১-১৩ যখন জান্নাতকে (মানুষের) কাছে নিয়ে আসা হবে,

০৮১-১৪ প্রত্যেক ব্যক্তিই (তখন) জানতে পারবে সে কি নিয়ে (আল্লাহ তায়ালা  
কাছে) হাযির হয়েছে;

০৮১-১৫ শপথ সেসব তারকাপুঞ্জের যা (চলতে চলতে) গা ঢাকা দেয়,

০৮১-১৬ (আবার) যা (মাঝে মাঝে) অদৃশ্য হয়ে যায়,

০৮১-১৭ শপথ রাতের যখন তা নিঃশেষ হয়ে যায়,

০৮১-১৮ (শপথ) সকাল বেলায় যখন তা (দিনের আলোয়) নিঃশ্বাস নেয়,

০৮১-১৯ এ কোরআন হচ্ছে একজন সম্মানিত (ও মর্যাদাসম্পন্ন) বাহকের (মাধ্যমে  
পৌঁছনো) বাণী,

০৮১-২০ সে বড়ো শক্তিশালী, আরশের মালিক আল্লাহ তায়ালা কাছে তার অবস্থান  
(অনেক মর্যাদাপূর্ণ),

০৮১-২১ যেখানে তাকে মান্য করা হয়, (অতঃপর) সে সেখানে গভীর আস্থাভাজনও;

০৮১-২২ তোমাদের সাথী (কিন্তু) পাগল নয়,

০৮১-২৩ সে তাকে স্বচ্ছ দিগন্তে দেখেছে,

০৮১-২৪ অদৃশ্য জগতের ব্যাপারে তিনি কখনো কার্পণ্য করেন না,

০৮১-২৫ এটা কোনো অভিশপ্ত শয়তানের কথাও নয়,

০৮১-২৬ অতএব তোমরা (কোরআন থেকে মুখ ফিরিয়ে) কোন দিকে যাচ্ছে ?

০৮১-২৭ এটা সৃষ্টিকুলের জন্যে এক উপদেশ বৈ কিছুই নয়,

০৮১-২৮ যে সঠিক পথ ধরে চলতে চায় (এটি স্তম্ভ) তার জন্যেই (উপদেশ);

০৮১-২২ (আসলে) তোমরা তো কিছুই চাইতে পারো না, হুঁয়া চাইতে পারেন একমাত্র  
আল্লাহ্‌ তায়াল্লা, যিনি সৃষ্টিবুলের মালিক।

*Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed*  
**Al Quran Academi London**

*Published as Portable Document Format by : Mohammad Noor-e-Alam Siddiquee  
More Free Islamic Stuff at [www.siddiquee.co.nr](http://www.siddiquee.co.nr)*